গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের জুলাই, ২০২২ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২১/০৮/২০২২ |
| সভার সময় | বেলা ০২.৩০ ঘটিকা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি জুম প্লাটফরমে সংযুক্ত কর্মকর্তা, সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে অনুরোধ করেন।

০২। সভায় গত ২০ জুলাই, ২০২২ তারিখে অনুষ্ঠিত এডিপি সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ় করা হয়।

০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তে সুরক্ষা সেবা বিভাগের ১২টি প্রকল্পের অনুকূলে ১৫৮৪.৩৩ কোটি টাকা বরাদ্দ আছে যার মধ্যে জিওবি অর্থের পরিমাণ ১৫৭০.৫০ কোটি টাকা এবং প্রকল্প সহায়তা ১৩.৮৩ কোটি টাকা। বরাদ্দকৃত অর্থ হতে জুলাই, ২০২২ পর্যন্ত ২৭৪.০৯ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে যা বরাদ্দের ১৭.৩০% এর মধ্যে ব্যয় হয়েছে ৮.০৮ কোটি টাকা যা মোট বরাদ্দের ০.৫১% এবং অবমুক্তকৃত অর্থের ২.৯৫%। সভাপতি বলেন যে, ২০২২-২৩ অর্থবছরে কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি অর্থবছরের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং বরাদ্দকৃত এডিপি বরাদ্দের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

০৪। এ পর্যায়ে সংস্থাওয়ারী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, ২০২২-২০২৩ অর্থবছরের এডিপি'তে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (এফএসসিডি) কর্তৃক বাস্তবায়নাধীন ০২টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ২০০.৯২ কোটি টাকা, অবমুক্ত করা হয়েছে ৪৩.৭৩ কোটি টাকা যা বরাদ্দের ২১.৭৬%। প্রকল্পের অনুকূলে জুলাই, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে মোট ০.০১৩১ কোটি টাকা যা বরাদ্দের ০.০০৭% এবং অবমুক্তকৃত অর্থের ০.০৩%। কারা অধিদপ্তরের ০৮টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ৮৪৩.২১ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে ৯৭.৮৩ কোটি টাকা যা বরাদ্দের ১১.৬০%। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ০২টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ৫৪০.২০ কোটি টাকা। অবমুক্ত হয়েছে ১৩২.৫৩ কোটি টাকা যা বরাদ্দের ২৪.৫৩%। প্রকল্প দুটির অনুকূলে জুলাই, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৮.০৭ কোটি টাকা যা বরাদ্দের ১.৪৯% এবং অবমুক্তকৃত অর্থের ০৬.০৯%।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রকল্পসমূহ:**

**১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প:**

আলোচনাঃ

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে জানান যে, জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২৩ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের মধ্যে ০৪টি স্টেশনের অবকাঠামো নির্মাণ সম্পন্ন হয়েছে। পাবনা (রূপপুর গ্রীনসিটি), কাশিমপুর (সারাবো), গাজীপুর, সাভার সেনানিবাসস্থ জিরাবো মডার্ণ ফায়ার স্টেশন, গাজীপুর চৌরাস্তা মডার্ণ ফায়ার স্টেশন, গাজীপুর নির্মাণ কাজ চলমান। তিনি বলেন, কাঁচপুর ব্রিজ, নারায়ণগঞ্জ (৭৫%), কর্ণফুলী, চট্টগ্রাম (৭০%), কোনাবাড়ী, গাজীপুর (৩০%), রাজেন্দ্রপুর চৌরাস্তা, গাজীপুর (৫০%), শিবুমার্কেট (ফতুল্লা), নারায়ণগঞ্জ (১৮%), কালুরঘাট, চট্টগ্রাম (১০%) কাজ শেষ হয়েছে। রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র মডার্ণ থেকে ২৭/০৭/২০২২ তারিখে NOA (Notification of Award) প্রদান করা হয়েছে । অদ্যাবধি নির্মাণ কাজ শুরু করা যায় নি। এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) গণপূর্ত আরও বিস্তারিত উল্লেখ করতে পারেন। প্রকল্প পরিচালক ২২/০৮/২০২২ তারিখে রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করবেন মর্মে সভাকে জানান। সভাপতি প্রকল্পটির কাজ দাখিলকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী জুন, ২০২৩ সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত:

(ক) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে তদারকি করতে হবে;

(খ) প্রকল্প পরিচালক নিয়মিত প্রকল্পের কাজ পরিদর্শন করবেন এবং গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করবেন।

**Strengthening Ability of Fire Emergency Response (SAFER) Project প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় বলেন যে, এ বিভাগের কারিগরি সহায়তায় প্রকল্পটি অক্টোবর ২০১৮ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের আওতায় ভৌত অবকাঠামো নির্মাণ কাজ ১০০% শেষ হয়েছে। দক্ষিণ কোরিয়া হতে প্রেরিত ইলেকট্রিক সরঞ্জাম কোরিয়ান টিমের (KOICA) এর তত্ত্বাবধায়নে স্থাপনের কাজ চলছে এবং এ লক্ষ্যে ০২টি টিম কাজ করছে। প্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সদস্যদের ইতোমধ্যে ICT বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া ফায়ার সার্ভিস থেকে ০১টি দল শীঘ্রই দক্ষিণ কোরিয়া প্রশিক্ষণে যাবে। সভাপতি প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি প্রয়োজনীয় জনবল পদায়ন/প্রশিক্ষণের বিষয়ে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করেন।

**সিদ্ধান্ত:**

(ক) দক্ষিণ কোরিয়া থেকে আনীত সরঞ্জামাদি দ্রুত ও যথাযথভাবে স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে;

(খ) স্থাপিত উপকরণ ও পরিচালনার জন্য অধিদপ্তরের কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নতুন প্রকল্পসমূহ:

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ ৪৪টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৬) | গণপূর্ত অধিদপ্তরের ডিপিপি প্রণয়ণের কাজ চলমান রয়েছে যা ডিসেম্বর, ২০২২ এর মধ্যে সম্পন্ন হবে মর্মে আশা করা যাচ্ছে। |
| ২. | দেশের গুরুত্বপূর্ণ ৫০ টি স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প ( মার্চ ২০২২ হতে জুন ২০২৪) | অধিদপ্তরে ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে যা ডিসেম্বর, ২০২২ এর মধ্যে সম্পন্ন হবে মর্মে আশা করা যাচ্ছে। |
| ৩. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের জন্য ০৬টি বহুতল বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | গত ২১/১২/২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগের যাচাই-কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের আলোকে অধিদপ্তরে ডিপিপি পুর্নগঠনের কাজ চলমান রয়েছে। যা নভেম্বর, ২০২২ এর মধ্যে সম্পন্ন হবে মর্মে আশা করা যাচ্ছে। |
| ৪. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ (ফেইজ-২) প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/১২/২০২৫) | অনুমোদনের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগ হতে ০৫/০৯/২০২১ তারিখে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। |

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের নতুন প্রকল্পঃ**

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র আধুনিকীকরণ (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | প্রকল্পটি ০২/০৮/২০২২ তারিখে একনেকে অনুমোদিত হয়। |
| ২. | ০৮টি বিভাগীয় শহরে এবং ১২টি জেলায় মাদকাসক্ত সনাক্তকরণে ডোপ টেস্ট প্রবর্তন (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | গঠিত ডিপিপি গত ১৮/০৭/২০২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রণয়নের কাজ চলমান রয়েছে। ২৪/০৮/২০২২ তারিখে যাচাই কমিটির সভা আহবান করা হয়েছে। |
| ৩. | ০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নির্মাণ (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | পূর্বে প্রকল্পে ০৫ একর জমির সংস্থান ছিল। সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক উক্ত প্রকল্পের ১০ একর জমির সংস্থান রাখা হয়েছে। প্রত্যেক বিভাগ থেকে ১০ একর জমি পাওয়া গেছে। জমির ডিজিটাল সার্ভে-কে বিবেচনায় নিয়ে পুনরায় লে-আউট এবং স্থাপত্য নকশা প্রণয়ণ করার জন্য স্থাপত্য অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৪. | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা অফিস ভবন নির্মাণ (১ম পর্যায়ে ০৭টি) (০১/০৭/২০২২ হতে ০১/০৬/২০২৫) | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৪১ জেলা কার্যালয় (১ম পর্যায়ে ০৭টি) নির্মাণ শীর্ষক প্রকল্পের উপর গত ১২ মে ২০২২ তারিখে প্রকল্পে যাচাই কমিটির সভা হয়েছে। যাচাই কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক গণপূর্ত/স্থাপত্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করে ডিপিপি পুনর্গঠন করা হচ্ছে। |

সভাপতি নতুন প্রকল্পের বিষয়ে বলেন, যেসব জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিজস্ব অফিস নেই ও সেসব জেলায় নিজস্ব অফিস ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে। এ পরিপ্রেক্ষিতে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, কতটি জেলায় নিজস্ব অফিস ভবন আছে এবং কতটি জেলায় নিজস্ব অফিস ভবন নেই এ বিষয়ে বিস্তারিত তথ্য এ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়।

**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রকল্পসমূহ:**

**বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্পঃ**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন)সভাকে জানান যে, প্রকল্পটি জুলাই ২০১৮ হতে জুন, ২০২৮ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত আছে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৪৬৩৫.৯১ কোটি টাকা এবং চলতি অর্থবছরের আরএডিপি বরাদ্দ ৬৮৮.০০ কোটি টাকা। চলতি অর্থ বছরের অর্থ অবমুক্তি ১১৮.৩১ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২৪.৬৫%। প্রকল্প পরিচালক সভায় জানান যে, ই-পাসপোর্ট বুকলেট, বুকলেট তৈরীর কাঁচামাল এবং কারিগরী সরঞ্জামাদি সংরক্ষণাগারের সংশোধিত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে পরিকল্পনা কমিশন হতে ০৭/০৭/২০২২ তারিখে বিশেষায়িত কারিগরী সংরক্ষণাগার ভাড়া বাবদ ২৮.৩৭৫০ কোটি টাকা ব্যয়ে শর্ত সাপেক্ষে পূর্বানুমোদন পাওয়া যায়। তদপ্রেক্ষিতে আগামী ১৯/০৯/২০২২ তারিখে দরপত্র খোলা হবে এবং আশা করা যায় অক্টোবর, ২০২২ মাসের ১ম সপ্তাহের মধ্যে চুক্তি স্বাক্ষর করা সম্ভব হবে। তিনি বলেন, ডিপিপি সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে এবং ২৪/০৮/২০২২ তারিখের পিএসসি সভার সিদ্ধান্ত এবং মধ্যবর্তী মূল্যায়নের ভিত্তিতে ডিপিপি সংশোধনের কাজ সম্পন্ন করত: সেপ্টেম্বর, ২০২২ মাসের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। তিনি আরো বলেন যে, মালামাল সংক্রান্ত স্টক টেকিং এর চূড়ান্ত তালিকা Veridos GmbH হতে প্রাপ্তির পর পুনরায় এ বিষয়ে সুরক্ষা সেবা বিভাগে সেপ্টেম্বর, ২০২২ মাসের মধ্যে নতুন প্রতিবেদন প্রেরণ করা হবে। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিত এ মাসে ১টি পিএসসি ও ১টি পিআইসি সভা সম্পন্ন করা হবে এবং এ বছরের ক্যালেন্ডার অনুযায়ী সবগুলো সভা অনুষ্ঠান নিশ্চিত করা হবে। সভাপতি ২০২২-২৩ অর্থবছরে প্রকল্প পরিচালককে এডিপি বাস্তবায়নে অধিকতর কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্ত:**

(ক) ই-পাসপোর্ট, রেডিমেড বুকলেট, বুকলেট তৈরীর কাঁচামাল এবং কারিগরী যন্ত্রপাতি সংরক্ষণের জন্য সংরক্ষাণাগার ভাড়া করার জন্য টেন্ডার কার্যক্রম সেপ্টেম্বর, ২০২২ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে;
(খ) মধ্যবর্তী মূল্যায়নের ভিত্তিতে ডিপিপি সংশোধনের কাজ সম্পন্ন করে সেপ্টেম্বর, ২০২২- এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;
(গ) ই-পাসপোর্টের মালামাল সংক্রান্ত স্টক টেকিং এর সমস্যাবলি সেপ্টেম্বর, ২০২২-এর মধ্যে নিষ্পত্তি করতে হবে;
(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের পিএসসি ও পিআইসি সভাসমূহ ক্যালেন্ডার অনুযায়ী সম্পন্ন করতে হবে।

**১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্পঃ**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন)সভাকে জানান যে, প্রকল্পটির সংশোধিত ডিপিপি জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২২ মেয়াদে ১২৮৩৯.৭৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। এ প্রকল্পের চলতি অর্থবছরের এডিপি বরাদ্দ ৬০.২০ কোটি এবং অর্থ অবমুক্ত হয়েছে ১৪.২২ যা এডিপি বরাদ্দের ২৩.৬২%। জুলাই, ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ০৮.০৭ কোটি, যা এডিপি বরাদ্দের ১৩.৪০%। এ প্রকল্পের ক্রমপূঞ্জিত ব্যয় আর্থিক অগ্রগতি ৫০% এবং ভৌত অগ্রগতি ৭২%। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের সবগুলো আঞ্চলিক পাসপোর্ট অফিসের পূর্ত কাজের রোডম্যাপ প্রণয়ন সম্পন্ন হয়েছে। তবে রোডম্যাপ অনুযায়ী প্রকল্পের ভৌত অগ্রগতি কিছুটা পিছিয়ে আছে। সভাপতি প্রকল্প পরিচালক আগামী এডিপি সভায় সময়াবদ্ধ কর্মপরিকল্পনা উপস্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করেন। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের সমুদয় অর্থছাড় করার এবং 'বি' ক্যাটাগরী হতে 'এ' ক্যাটাগরীতে উন্নীত করার জন্য ৩১/০৭/২০২২ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর জানান যে, রোডম্যাপ অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন সম্পন্ন করতে সন্দেহের অবকাশ থাকায় প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির জন্য প্রস্তাব প্রেরণ করা হবে। প্রকল্প পরিচালক বলেন যে, কয়েকটি জেলার বাস্তব অগ্রগতি পিছিয়ে থাকায় পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রকল্প পরিচালককে আগামী সভায় জেলা ভিত্তিক প্রকল্পের অগ্রগতি উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(ক) প্রকল্পের সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা আগামী এডিপি সভায় উপস্থাপন করতে হবে;

(খ) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব সেপ্টেম্বর,২০২২ মাসের মধ্যে প্রেরণ করতে হবে;

(গ) জেলা ভিত্তিক প্রকল্পের বাস্তব অগ্রগতি আগামী এডিপি সভায় উপস্থাপন করতে হবে;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের পিএসসি ও পিআইসি সভাসমূহ ক্যালেন্ডার অনুযায়ী সম্পন্ন করতে হবে।

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নতুন প্রকল্প:

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স-২ উত্তরায় নির্মিতব্য বহুতল ভবন (০১/১২/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। গণপূর্ত অধিদপ্তরে ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে। যা অক্টোবর, ২০২২ মাসের মধ্যে সম্পন্ন হবে মর্মে আশা করা যায়। |

**কারা অধিদপ্তর-এর প্রকল্পসমূহঃ**

**খুলনা জেলা কারাগার নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন)সভাকে অবহিত করেন যে, জুলাই, ২০২১ হতে জুন, ২০২৩ মেয়াদে ২৮৮.২৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। চলতি অর্থবছরে এডিপি বরাদ্দ ৭৫.০০ কোটি টাকা। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি বলেন আলোচ্য প্রকল্পের পূর্ত কাজের ৩৯ টি প্যাকেজের মধ্যে ৩৪ টি প্যাকেজের টেন্ডার পূর্বেই সমাপ্ত হয়ে কাজ চলমান আছে। অবশিষ্ট ৫টি প্যাকেজের মধ্যে ৩টি প্যাকেজের টেন্ডার আহবান করা হয়েছে। ২টি প্যাকেজের (এসটিপি ও বনায়ন) টেন্ডার আহবানের প্রস্তুতি চলছে। এছাড়া পণ্য সরবরাহের ৯টি প্যাকেজের মধ্যে ৫টি প্যাকেজের কাজ সম্পন্ন হয়েছে এবং ৪টি প্যাকেজের টেন্ডার আহবানের প্রস্তুতি চলছে। তিনি বলেন যে, সেপ্টেম্বর, ২০২২

মাসে ১টি পিআইসি এবং ১টি পিএসসি সভা সম্পন্ন করার উদ্যেগ নেওয়া হবে। সভাপতি নির্দিষ্ট মেয়াদে প্রকল্পটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আরো জোরালো ভূমিকা পালনের নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

(ক) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী কাজ সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে জোরালো ভূমিকা পালন করতে হবে;
(খ) প্রকল্পের অবশিষ্ট আইটেমের টেন্ডারের যাবতীয় কার্যক্রম সেপ্টেম্বর, ২০২২-এর মধ্যে সম্পন্ন করতে হবে;
(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা ক্যালেন্ডার অনুযায়ী অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।

কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী নির্মাণ প্রকল্প:

আলোচনাঃ

অতিরিক্ত সচিব (উন্নয়ন)সভায় উল্লেখ করেন যে, প্রকল্পটি জুলাই, ২০১৫ হতে জুন, ২০২২ মেয়াদে ৯৮.৭৮৬৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদিত। চলতি অর্থবছরে এডিপি বরাদ্দ ১৫.০০ কোটি টাকা। প্রকল্প পরিচালক বলেন, এ প্রকল্পের বিভিন্ন কম্পোনেন্টের টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। গত ০২/০৮/২০২২ তারিখে এ প্রকল্পের পুনর্গঠিত আরডিপিপি একনেকে অনুমোদিত হয়েছে এবং জিও জারীর অপেক্ষায় আছে। সভাপতি প্রকল্পটির নতুন করে কর্মপরিকল্পনা প্রণয়ন করার নির্দেশনা প্রদান করেন। প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পটি নির্ধারিত সময়ে বাস্তবায়ন সম্পন্ন করার জন্য আরও ৩৩.০০ কোটি টাকার বরাদ্দ প্রয়োজন। সভাপতি এ পরিপ্রেক্ষিতে বলেন যে, আরএডিপিতে বরাদ্দ দেওয়ার সময় তা প্রদানের চেষ্টা করা হবে এবং এ প্রকল্পের অগ্রগতি খাতে জাতীয় গড় অগ্রগতির চেয়ে নীচে না থাকে তার জন্য সচেষ্ট থাকতে নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত:

(ক) প্রকল্পটির বিভিন্ন কম্পোনেন্টের টেন্ডার কার্যক্রম সেপ্টেম্বর, ২০২২ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে;
(খ) অনুমোদিত আরডিপিপি অনুযায়ী নতুন করে কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে;
(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা ক্যালেন্ডার অনুযায়ী অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।

ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প:

আলোচনাঃ

অতিরিক্ত সচিব (উন্নয়ন)সভায় বলেন যে, প্রকল্পটি ১২৭৬০.৬৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৫ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত। চলতি অর্থবছরে আরএডিপি বরাদ্দ ৪০.০০ কোটি টাকা। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, আরডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে এবং ২২/০৮/২০২২ তারিখে পিইসি সভা অনুষ্ঠানের দিন ধার্য্য আছে। কারা মহাপরিদর্শক বলেন যে, এ প্রকল্পের রেট সিডিউল পরিবর্তন করা এবং মেয়াদকাল বাড়িয়ে নেওয়ার জন্য পিইসি সভায় চেষ্টা করা হবে। সভাপতি পুনর্গঠিত আরডিপিপি অনুমোদনের প্রক্রিয়া ত্বরান্বিতকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(ক) পুনর্গঠিত আরডিপিপি অনুমোদনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ গ্রহণ করতে হবে;
(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের পিএসসি ও পিআইসি সভার ক্যালেন্ডার অনুযায়ী সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।

**কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ) প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন)সভাকে অবহিত করেন যে, প্রকল্পটি ৪৯.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৬ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। গত অর্থ বছরে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ সমাপ্ত করার লক্ষ্যমাত্রা থাকলেও প্রকল্পের অন্যতম অঙ্গ জ্যামার ক্রয় সম্পন্ন না হওয়ায় প্রকল্প সমাপ্ত হবে না বিবেচনায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ০৬ মাস অর্থাৎ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। প্রকল্প পরিচালক বলেন, এ প্রকল্পের আওতায় জ্যামার ক্রয় ব্যতীত এ পর্যন্ত ক্রয়/সরবরাহকৃত যন্ত্রপাতি ৩২ টি কারাগারে স্থাপন করা হয়েছে। স্থাপনকৃত যন্ত্রপাতি সংশ্লিষ্ট কারাগার কর্তৃপক্ষ কর্তৃক স্টক রেজিস্টার অন্তর্ভুক্ত করা হয়েছ। ক্রয়/সরবরাহকৃত বর্তমান অবস্থা সম্পর্কিত হালনাগাদ প্রতিবেদন কারাগার হতে সংগ্রহপূর্বক পুনরায় প্রেরণ করা হবে। তিনি বলেন যে, প্রকল্পটির অধীনে জ্যামার ক্রয়ের লক্ষ্যে ৪র্থ বার দরপত্র আহবানের নিমিত্ত নতুনভাবে Technical Specification প্রণয়নের জন্য ০৭ সদস্য বিশিষ্ট কমিটি ২৭/০৭/২০২২ ও ০১/০৮/২০২২ তারিখে কাশিমপুর-১, কাশিমপুর-২, কাশিমপুর হাইসিকিউরিটি, ঢাকা (কেরাণীগঞ্জ) ও নারায়নগঞ্জ কারাগার পরিদর্শন করেছেন। কারা মহাপরিদর্শক বলেন যে, প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির বিষয়টি ভৌত অবকাঠামো বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে। তিনি বলেন মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদিত হলে জ্যামার ক্রয়সহ প্রকল্পের যাবতীয় কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হবে।

**সিদ্ধান্ত:**

(ক) মোবাইল জ্যামারের উপকরণ সংগ্রহ সম্পন্ন করে প্রকল্পটি সমাপ্ত করার জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে পূর্ণ আন্তরিকতা নিয়ে কাজ করতে হবে;
(খ) প্রকল্পের সকল উপকরণের স্টক রেজিস্টার এবং সেগুলোর বর্তমান অবস্থার পূর্ণাঙ্গ প্রতিবেদন অতিদ্রুত সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।

**পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন)সভাকে অবহিত করেন যে, প্রকল্পটি ৬০৭.৩৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। চলতি অর্থবছরে এ প্রকল্পের আরএডিপি বরাদ্দ ৩৯৮.২১ কোটি টাকা এবং অর্থ অবমুক্ত করা হয়েছে ৯৭.৮৩ কোটি টাকা যা এডিপি বরাদ্দের ২৪.৫৬%। প্রকল্প পরিচালক সভাকে বলেন যে, প্রকল্পের আওতায় তিনটি জোন অর্থাৎ ‘এ’, ‘বি’ ও ‘সি’ জোনে ভাগ করে কাজ করা হচ্ছে। জোন বি-এর চক কমপ্লেক্সে এর বাস্তব অগ্রগতি ৩২.৫০% এবং মসজিদ-এর বাস্তব অগ্রগতি ১০.২০%। জোন-‘সি’ এর সাবজোন ওয়ার্কশপ-এর বাস্তব অগ্রগতি

১৮.৫৩%; কারা উদ্যান এর বাস্তব অগ্রগতি ১৬.০৩% এবং কনডেম সেল ও গ্যালোস এর বাস্তব অগ্রগতি ১৭.৫৪%। প্রকল্পের আরডিপিপি প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। প্রকল্পের কারিগরি কমিটির সভা ২৯/০৮/২০২২ তারিখে আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী চলমান রয়েছে এবং তা নিয়মিত তদারকি করা হচ্ছে। সভাপতি বলেন যে, প্রকল্প কাজের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করে যথাযথভাবে তা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

**<u>সিদ্ধান্ত:</u>**

(ক) ডিপিপি সংশোধনের কার্যক্রম সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে;
(খ) প্রকল্প কার্যক্রম রোডম্যাপ অনুযায়ী যথাযথভাবে দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে;
(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক ২০২২-২৩ অর্থবছরে প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা ক্যালেন্ডার অনুযায়ী অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।

**<u>কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প:</u>**

**<u>আলোচনাঃ</u>**

অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, জানুয়ারি, ২০১৯ হতে ডিসেম্বর, ২০২২ মেয়াদে ৬২৪.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। জুলাই, ২০২২ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮২.২৬ কোটি টাকা (১২.৮৪%) এবং ভৌত অগ্রগতি ১২.৮৪%। চলতি অর্থবছরে এডিপি বরাদ্দ ১০১.০০ কোটি টাকা। প্রকল্প পরিচালক জানান যে, চলতি অর্থবছরে প্রকল্পটি 'বি' ক্যাটাগরীর অন্তর্ভুক্ত বিধায় এডিপি বরাদ্দের ৭৫% হিসেবে ৭৫.০০ কোটি টাকা ব্যয় করা যাবে। আগস্ট, ২০২২ মাসে ১ম কোয়ার্টারের জন্য ১৮.৭৫ কোটি টাকা অবমুক্ত করা হয়েছে যার পুরোটাই ১ম কোয়ার্টারের মধ্যে ব্যয় হবে। এ প্রসঙ্গে অতিরিক্তি সচিব (উন্নয়ন) জানতে চান যে, এ প্রকল্পের ডিসেম্বর ২০২২ মেয়াদের মধ্যে ৭৫.০০ কোটি টাকা ব্যয়ে প্রকল্পটি সমাপ্ত হবে। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ডিপিপি সংশোধনসহ ডিপিপি মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। ইতোমধ্যে ডিপিপি সংশোধনের জন্য এস্টিমেট সম্পন্ন হয়েছে এবং আগস্ট, ২০২২ মাসের মধ্যে সংশোধিত ডিপিপি প্রণয়নের কাজ শেষ হবে মর্মে গণপূর্ত বিভাগ জানিয়েছে। প্রকল্পের নির্মাণ কাজে অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক জানান যে, পূর্ত কাজের ১৩টি প্যাকেজের মধ্যে ৭টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। ২টি প্যাকেজের দ্রুতই টেন্ডার আহবান করা হবে। পূর্ত কাজের অবশিষ্ট ৪টি প্যাকেজের কাজ নির্মাণ কাজের শেষের দিকে করা হবে। সভাপতি বলেন যে, নির্মাণ কাজের রোডম্যাপ তৈরি করতে হবে এবং রোডম্যাপ অনুযায়ী কাজ বাস্তবায়ন হচ্ছে কি না তা তদারকি করতে হবে। সভাপতি বলেন, প্রকল্পের কাজ বাস্তবে কতটা হচ্ছে তা তদারকি করতে হবে এবং কোন প্রকার প্রতিবন্ধকতা দেখা দিলে তা দ্রুত উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনতে হবে।

**<u>সিদ্ধান্ত:</u>**

(ক) নির্মাণ কাজের রোডম্যাপ তৈরি করতে হবে এবং সে অনুযায়ী কাজ হচ্ছে কিনা প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে তা তদারকি করতে হবে;
(খ) প্রকল্পের ডিপিপি সংশোধন করে আগস্ট, ২০২২ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;
(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা ক্যালেন্ডার অনুযায়ী অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।

**নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন)সভাকে অবহিত করেন যে, প্রকল্পটি ৩২৬.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে সেপ্টেম্বর, ২০১৯ হতে জুন ২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত আছে। জুলাই, ২০২২ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১০০.৬০ কোটি ৯৩০.৭৭%) এবং ভৌত অগ্রগতি ৩০.৭৭%। চলতি অর্থবছরের এডিপি বরাদ্দ ১২০.০০ কোটি টাকা। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের কার্যক্রমের কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী কাজ সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। প্রকল্পের অর্থছাড় করার জন্য সুরক্ষা বিভাগ হতে অর্থবিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। এ অর্থবছরে প্রকল্পটি ‘সি’ ক্যাটাগরীভুক্ত হওয়ায় ক্যাটাগরী পরিবর্তন করা প্রয়োজন নতুবা প্রকল্পের কাজের গতি ব্যাহত হবে। কারা মহাপরিদর্শক বলেন যে, কারা অধিদপ্তরের সবচেয়ে গতিশীল প্রকল্প এবং এর ক্যাটাগরী পরিবর্তনের জন্য সুরক্ষা সেবা বিভাগে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্ত:**

(ক) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে;

(খ) প্রকল্পটি ‘সি’ ক্যাটাগরী হতে ‘এ’ ক্যাটাগরীতে উন্নীতকরণের নিমিত্ত অর্থবিভাগে ও পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করতে হবে;

(গ) পূর্ত কাজের সাথে সামঞ্জস্য রেখে পণ্যের দরপত্র আহবান করতে হবে;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক ২০২২-২৩ অর্থবছরের প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা ক্যালেন্ডার অনুযায়ী অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।

**জামালপুর জেলা কারাগার পুন: নির্মাণ প্রকল্প:**

**আলোচনাঃ**

অতিরিক্ত সচিব (উন্নয়ন)সভাকে জানান যে, প্রকল্পটি ২১০.০৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২০ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। জুলাই, ২০২২ পর্যন্ত এ প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮.৪৬ কোটি (৪.০৩%) এবং ভৌত অগ্রগতি ৪.০৩%। চলতি অর্থবছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৯৫.০০ কোটি টাকা। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের সাতটি প্যাকেজের মধ্যে পূর্ত কাজের ২টি প্যাকেজের (প্যাকেজ-১,প্যাকেজ-২)-এর নির্মাণকাজ চলমান রয়েছে। তিনি আরো বলেন, এ প্রকল্পে জায়গা, সীমানা এবং আবাসিক ভবন নিয়ে বিদ্যমান সমস্যা অতিরিক্ত সচিব (উন্নয়ন) পরিদর্শনে গিয়ে সমাধানের প্রয়াস নিয়েছেন। কারা মহাপরিদর্শক জানান যে, এ প্রকল্প শুরুর দিকে জমি সংক্রান্ত জটিলতা ছিলনা, বর্তমানে জমি সংক্রান্ত সমস্যার স্থায়ী সমাধানের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**সিদ্ধান্ত:**

(ক) দ্রুততার সঙ্গে সকল প্যাকেজের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে ভৌত অবকাঠামো নির্মাণ কাজ শুরু করতে হবে;

(খ) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী কাজ করতে হবে এবং প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে যথাযথ তদারকি করতে হবে;

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক ২০২২-২৩ অর্থবছরের প্রকল্পের


পিএসসি ও পিআইসি সভা ক্যালেন্ডার অনুযায়ী করে সে অনুযায়ী অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।

কারা অধিদপ্তরের নতুন প্রকল্পসমূহ:

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমী নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের সমীক্ষা প্রতিবেদনের প্রস্তাব Infrastructure Investment Facilitation Company (IIFC) কর্তৃক যাচাই/মূল্যায়নের কাজ চলমান রয়েছে। |
| ২. | অ্যাম্বুলেন্স, নিরাপত্তা সংক্রান্ত গাড়ী ও যন্ত্রপাতি সংগ্রহ এবং প্রশিক্ষণের মাধ্যমে কারা অধিদপ্তরের আধুনিকায়ন প্রকল্প ( ০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের ডিপিপি'র উপর যাচাই কমিটির সভা ২৮/০৮/২০২২ তারিখে আহবান করা হয়েছে। |
| ৩. | কেন্দ্রীয় কারা হাসপাতাল, কেরানিগঞ্জ নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | গত ০৮/০৮/২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগের যাচাই-বাছাই সভার সিদ্ধান্ত অনুযায়ী কারা অধিদপ্তরের ডিপিপি প্রণয়নের কাজ চলছে। ডিপিপি প্রণয়নের লক্ষ্যে Proposal for Feasibility Study (PFS) চলমান রয়েছে। |
| ৪. | এ্যাকসেস টু জাস্টিস থ্রু প্রিজন এন্ড পলিসি রিফর্মস প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৩) | কারিগরি সহায়তায় প্রকল্পের TAPP ভৌত অবকাঠামো বিভাগের পর্যবেক্ষণের আলোকে TAPP পুনগর্ঠনের জন্য ১১/০৮/২০২২ তারিখে কারা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। |

সভাপতি নতুন প্রকল্পসমূহের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। নতুন প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়াকরণ এবং যাচাই কমিটির সভা আয়োজনের বিষয়ে সভাপতি বলেন যে, অগ্রাধিকার ভিত্তিতে এবং গুরুত্ব বিবেচনায় পর্যায়ক্রমে তালিকাভুক্ত প্রকল্পের অনুমোদনের উদ্যোগ নিতে হবে। তিনি যথাযথভাবে মানসম্মত ডিপিপি প্রণয়নে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি আরো বলেন যে, উন্নয়ন প্রকল্পের যে সকল কার্যক্রম বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত সেগুলি অগ্রাধিকার ভিত্তিতে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং মাসিক প্রকল্প পর্যালোচনা সভায় এর অগ্রগতি পর্যালোচনা করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৪.০৬.০০১.২১.২৪৪

তারিখ: ১০ ভাদ্র ১৪২৯
২৫ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৭) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৮) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

৯) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর

১০) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

১১) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

১২) অতিরিক্ত সচিব, নিরাপত্তা ও বহিরাগমণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

১৩) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

১৪) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

১৫) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ

১৬) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর

১৭) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর

১৮) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

১৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

২০) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

২১) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



শরীফা আহমেদ

উপসচিব